# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-04-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কাশ্মীরের পহেলগাঁওয়ে জঙ্গীহানায় নিহত রাজ্যের তিন বাসিন্দার পরিবারকে আর্থিক সহায়তা দেওয়ার কথা ঘোষণা করেছেন।

জম্মুর উধমপুরে জঙ্গীদের সঙ্গে সংঘর্ষে শহীদ জওয়ান ঝন্টু আলি শেখের শেষকৃত্য আজ সম্পন্ন হয়েছে।

২) চাকরীহারা গ্রুপ সি এবং গ্রুপ ডি শিক্ষা কর্মীদের মাসিক ভাতা দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

৩) আগামীকাল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা। প্রায় ৩০০ টি কেন্দ্রে লক্ষাধিক পরীক্ষার্থী এই পরীক্ষায় বসবেন।

৪) কঠোর পরিশ্রম এবং উদ্ভাবনের মাধ্যমে দেশের যুব সম্প্রদায় আজ গোটা বিশ্বের কাছে নিজেকে প্রমাণিত করেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অভিমত ব্যক্ত করেছেন।

৫) প্রধানমন্ত্রী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন।

৬) মোহনবাগান সুপারজায়ান্ট সুপার কাপ ফুটবলের সেমিফাইনালে পৌঁছেছে।

৭) ইডেন গার্ডেন্সে আইপিএল ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইট রাইডার্সের বিরুদ্ধে টসে জিতে ব্যাট করছে পাঞ্জাব কিংস।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কাশ্মীরের পহেলগামে জঙ্গি হানায় নিহত রাজ্যের তিন বাসিন্দার পরিবারকে আর্থিক সহায়তা দেওয়ার কথা ঘোষণা করেছেন। নবান্নে আজ এক সাংবাদিক বৈঠকে মুখ্য সচিব মনোজ পন্থের ফোন মারফত তিনি জানান, পুরুলিয়া এবং বেহালার বাসিন্দা মণীশ রঞ্জন মিশ্র ও সমীর গুহর পরিবারকে এককালীন ১০ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হবে। একই সঙ্গে সন্ত্রাসবাদী হামলায় নিহত পাটুলির বাসিন্দা বিতান অধিকারীর স্ত্রী এবং বাবাকে ৫ লক্ষ টাকা করে আর্থিক সাহায্যের পাশাপাশি বিতানের বাবাকে স্বাস্থ্য সাথী কার্ড করে দেওয়া হবে বলে তিনি জাননা।

বাইট

এছাড়া জম্মু-কাশ্মীরের উধমপুরে জঙ্গিদের সঙ্গে গুলির লড়াইয়ে শহীদ ঝন্টু আলি শেখের পরিবারকে ১০ লক্ষ টাকা দেওয়া হবে।

-----------------

এনআইএ আজ কাশ্মীরের পহেলগাঁওয়ে জঙ্গী হামলায় নিহত এরাজ্যের পর্যটক সমীর গুহের বেহালার সখেরবাজারের বাড়িতে যায়। মৃতের স্ত্রীকে জিজ্ঞাসাবাদ করেন জাতীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা। জঙ্গীহানায় নিহত আর এক বাঙ্গলী পর্যটক বিতান অধিকারির বৈষ্ণবঘাটার বাড়িতেও যাওয়ার কথা তাদের।

এদিকে, উধমপুরে জঙ্গিদের সঙ্গে গুলির লড়াই-এ শহীদ সেনা জওয়ান নদীয়ার তেহট্টের বাসিন্দা ঝন্টু আলি শেখের দেহ আজ তাঁর পৈত্রিক গ্রাম পাথরঘাটার কারবালা ময়দানে সমাহিত করা হয়। ঈদগা ময়দানে তাঁর দেহ নিয়ে যাওয়া হলে সেখানে তাঁকে

শেষ শ্রদ্ধা জানান সাংসদ মহুয়া মৈত্র সহ রাজনৈতিক দলের প্রতিনিধি এবং পুলিশ আধিকারিকরা। সেনার তরফে দেওয়া হয় গান স্যালুট।

-----------------

কাশ্মীরের পহেলগাঁতে গত ২২ শে এপ্রিল জঙ্গী হামলার ঘটনার তদন্তে জতীয় তদন্তকারী সংস্থা-এনআইএ আজ বেহালার সখেরবাজারে নিহত পর্যটক সমীর গুহর বাড়িতে যায়। তাঁর স্ত্রী ও কন্যার বয়ান রেকর্ড করা হয়। এরপর তারা বৈষ্ণবঘাটার পাটুলীতে জঙ্গী হামলায় নিহত এরাজ্যের আর এক পর্যটক বিতান অধিকারির বাড়িতে যাচ্ছেন বলে খবর।

উল্লেখ্য ঐ জঙ্গী হামলায় নিহত ২৬ জন পর্যটকদের মধ্যে এরাজ্যের তিনজন রয়েছেন।

-----------------

চাকরিহারা গ্রুপ C আর গ্রুপ D শিক্ষা কর্মীদের মাসিক ভাতা দেওয়া হবে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ঘোষণা করেছেন। আজ নবান্ন সভা ঘরে মুখ্য সচিব মনোজ পন্থ এর ফোনে মুখ্যমন্ত্রী জানান, গ্রুপ সি কর্মীদের মাসে পঁচিশ হাজার আর গ্রুপ ডি কর্মীদের কুড়ি হাজার অর্থ সাহায্য করা হবে।

বাইট

মুখ্যমন্ত্রী এদিন বলেন, সবার যাতে চাকরি থাকে সেই বিষয়টা রাজ্য সরকার দেখবে। যাতে পরীক্ষা কাউকে আর না দিতে হয় তার জন্য মে মাসে প্রথম বা দ্বিতীয় সপ্তাহের মধ্যে শীর্ষ আদালতে রিভিউ পিটিশন দাখিল করা হবে।

-----------------

রাজ্যে Joint Entrance পরীক্ষা নেওয়া হবে আগামীকাল। সকাল ১১ টা থেকে দুপুর একটা পর্যন্ত অঙ্ক এবং দুপুর দুটো থেকে বিকেল চারটে পর্যন্ত পদার্থবিদ্যা ও রসায়ন বিষয়ে পরীক্ষা চলবে। লক্ষাধিক পরীক্ষার্থীর জন্য প্রায় তিনশোটি কেন্দ্র খোলা হচ্ছে বলে West Bengal Joint Entrance Examinations Board সূত্রে খবর।

এদিকে, পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে পূর্ব রেলের হাওড়া ও শিয়ালদা ডিভিশন আগামীকাল অন্যান্য দিনের মতই ইএমইউ লোকাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। মাতৃভূমি লোকাল চলবে রবিবারের সূচী অনুযায়ী।

অন্যদিকে, রাজ্য পরিবহন নিগম WBTC, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম SBSTC, এবং উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম NBSTC-ও আগামীকাল বিশেষ বাস পরিষেবা দেবে। সকাল সাড়ে আটটা থেকে ১১ টা পর্যন্ত এবং বিকেল সাড়ে তিনটে থেকে সাড়ে পাঁচটা পর্যন্ত অতিরিক্ত বাস চালানো হবে।

বোর্ডের তরফে সুষ্ঠুভাবের পরীক্ষা সম্পন্ন করার জন্য সবরকম ব্যবস্থা নেওয়া হয়েছে বলে রেজিস্ট্রার দিব্যেন্দু কর আকাশবাণীকে জানিয়েছেন।

বাইট

-----------------

রাজ্যের বিভিন্ন জায়গায় পাকিস্তান ও বাংলাদেশের মত পরিস্থিতি তৈরি হয়েছে বলে রাজ্য বিজেপি সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। আজ বিকেলে উত্তর ২৪ পরগণার আমডাঙার করুণাময়ী মন্দির ঘুরে দেখার পর সাংবাদিকদের কাছে সুকান্ত বাবু বলেন, পুলিশি দুর্বলতার কারণে গতকাল আমডাঙায় অশান্তির ঘটনা ঘটেছে।

উল্লেখ্য, সোশ্যাল মিডিয়ায় একটি আপত্তিকর পোস্টের প্রতিবাদে গতকাল আমডাঙায় রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখান এলাকাবাসী। পুলিশ অবরোধ তুলতে গেলে বিক্ষোভকারীদের সঙ্গে সংঘর্ষ শুরু হয়। ভাঙচুর হয়েছে পুলিশের গাড়ি।

এদিকে চাকরী চুরি ও মুর্শিদাবাদে হত্যার প্রতিবাদে ভারতীয় জনতা মহিলা মোর্চা আজ হাওড়ার শ্যামপুর দু নম্বর ব্লক অফিস পর্যন্ত পদযাত্রা করেছে।

-----------------

রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করে নির্বাচন করানোর দাবি জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে হিংসা কবলিত মুর্শিদাবাদের সামশেরগঞ্জের বিভিন্ন এলাকা পরিদর্শনের পর আজ সাংবাদিকদের তিনি বলেন, সুষ্ঠুভাবে ভোট করানোর জন্য রাষ্ট্রপতি শাসন দরকার।

বাইট

এরপর তিনি সুতী থানার দফাহাটে গিয়ে হিংসায় আক্রান্ত বিজেপি যুব মোর্চার সভাপতি কৌশিক দাস এবং তাঁর পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। ওয়াকফ বিরোধী আন্দোলনের সময় বিক্ষোভকারীরা কৌশিকের বাড়ি ভাঙচুর করেছিল বলে অভিযোগ।

এর আগে তিনি জাফরাবাদে নিহত বাবা ও ছেলে হরগোবিন্দ দাস ও চন্দন দাসের বাড়িতে যান। বেতবোনা ও ডিগরি গ্রামে গিয়ে আক্রান্তদের সঙ্গেও কথা বলেন তিনি।

-----------------

তৃণমূল কংগ্রেস সহ ইন্ডি জোটের সদস্যরা সংশোধিত ওয়াকফ আইন নিয়ে মানুষকে বিভ্রান্ত করছে বলে বিজেপি অভিযোগ করেছে। আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে দলের জাতীয় সম্পাদক অনিল কে অ্যান্টনি জানিয়েছেন, মুসলমান সম্প্রয়াদের উন্নয়নের স্বার্থে কেন্দ্রীয় সরকার এই নতুন আইন নিয়ে এসেছে। ইউপিএ সরকারের আমলে ওয়াকফ সম্পত্তির নিয়ন্ত্রণে অব্যবস্থা ছিল বলে তিনি অভিযোগ করেন। এরাজ্যে মালদা ও মুর্শিদাবাদে হিন্দুদের ওপর যেভাবে হামলা চালানো হয়েছে, তা দুর্ভাগ্যজনক বলে উল্লেখ করেন তিনি।

-----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল , আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের - এর ১২১ তম পর্ব। আকাশবাণী ও দূরদর্শনের সবকটি প্রচারতরঙ্গ এবং
www.newsonair.com ওয়েবসাইটও মোবাইল অ্যাপেও বেলা ১১ টা থেকে মন-কি-বাত শোনা যাবে। AIR, DD নিউজ, প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলে তা শোনা যাবে।
হিন্দী ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় মন-কি-বাত সম্প্রচারিত হবে। রাত ৮ টায় আঞ্চলিক ভাষায় তর্জমা পুনঃসম্প্রচারিত হবে।

-----------------

কঠোর পরিশ্রম এবং উদ্ভাবনের মাধ্যমে দেশের যুব সম্প্রদায় আজ গোটা বিশ্বের কাছে নিজেকে প্রমাণিত করেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে আজ রোজগার মেলায় বিভিন্ন সরকারী দফতর ও সংস্থায় ৫১ হাজারেরও বেশি নব নিযুক্তের হাতে নিয়োগপত্র তুলে দেন শ্রী মোদী। পঞ্চদশ এই

রোজগার মেলা দেশের ৪৭-টি স্থানে অনুষ্ঠিত হচ্ছে। কলকাতায় জাতীয় গ্রান্থাগারের ভাষাভবন অডিটোরিামে আয়কর দফতরের উদ্যোগে ২৯৩ জনকে নিয়োগপত্র দেওয়া হয়।

অনুষ্ঠানে উপস্থিত কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার ২৫ জনের হাতে নিয়োগপত্র তুলে দেন। পরে এক সাংবাদিক বৈঠকে সুকান্ত বাবু বলেন, রোজগার মেলায় এ পর্যন্ত ৮ লক্ষ কর্মপ্রার্থী নিয়োগ পত্র পেয়েছেন। তবে এই নিয়োগে এখনও পর্যন্ত কোনো দুর্নীতি হয়নি। বিকশিত ভারত গঠনে নবনিযুক্তদের অংশগ্রহনের আহ্বান জানান তিনি।
বাইট সুকান্ত

অন্যদিকে, বেলুড়মঠে বিবেকানন্দ সভাগৃহে আয়োজিত রোজগার মেলায় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর ১৭০ জনকে নিয়োগপত্র প্রদান করেন।

-----------------

কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং আজ কলকাতা জুট হাউসে নবনির্মিত জুট বেলার্স অ্যাসোসিয়েশন হলের উদ্বোধন করেছেন। ১৭০ বছরের পুরনো ঐতিহ্যবাহী এই ভবনের সংস্কার প্রসঙ্গে তিনি বলেন, এই ভবন ভারতের চট শিল্পের গৌরবময় ইতিহাসের একটি অংশ। এর নবনির্মাণের অংশীদার হতে পেরে বস্ত্রমন্ত্রী সন্তোষ প্রকাশ করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানের ফাঁকে শ্রী সিং, জুট বেলারস্ অ্যাসোসিয়েশনের সদস্যদের সঙ্গে আলাপচারিতায় তাদের বিভিন্ন সমস্যার সম্পর্কে অবহিত হন। উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় পাট নিগমের সচিব শশীভূষণ সিং, নিগমের নির্বাহী অধিকতা অজয় কুমার জলি, রাজ্যের পাট কমিশনার মলয় চন্দন চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন।

-----------------

জাতীয় নিরাপত্তার স্বার্থে সন্ত্রাসবাদ বিরোধী অভিযান এবং সুরক্ষা বাহিনীর গতিবিধির সরাসরি সম্প্রচার না করার জন্য সংবাদ চ্যানেলগুলির উদ্দেশে পরামর্শ জারি করেছে তথ্য ও সম্প্রচার মন্ত্রক।

এতে বলা হয়েছে, জাতীয় নিরাপত্তায় সংবাদমাধ্যম এবং ডিজিটাল প্ল্যাটফর্মগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রতিরক্ষা অভিযান নিয়ে প্রতিবেদন প্রকাশ থেকেও বিরত থাকতে বলেছে মন্ত্রক। সংবেদনশীল এইসব তথ্য প্রকাশিত হলে অভিযানে ব্যাঘাত ঘটার পাশাপাশি নিরাপত্তা বাহিনীর কর্মীদের সুরক্ষা বিপন্ন হতে পারে।

কার্গিল যুদ্ধ, ২৬/১১-র মুম্বাই হামলা এবং কান্দাহার হাইজ্যাকের সময়, এই ধরণের কভারেজ জাতীয় স্বার্থের উপর বিরূপ প্রভাব ফেলেছিল বলে জানিয়েছে মন্ত্রক।

------------------

কলকাতার বাসন্তী হাইওয়ে লাগোয়া ধাপায় আজ একটি প্লাস্টিক ও টায়ারের গুদামে আগুন লাগলে ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। কালো ধোয়ায় ঢেকে যায় গোটা এলাকা। দাহ্য পদার্থ মজুত থাকায় দ্রুত আগুন ছড়িয়ে পড়ে। ঘটনাস্থলে ছুটে যায় দমকলের ৮ টি ইঞ্জিন। প্রায় ২ ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। এলাকায় যান দমকল মন্ত্রী সুজিত বসু। ট্রান্সফর্মার বিস্ফোরণ থেকেই আগুন লেগে থাকতে পারে বলে প্রাথমিক অনুমান।

------------------

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি এবং অনুকুল পরিস্থিতির কারণে দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে আজ বজ্র বিদ্যুত্‍ সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। পশ্চিমের জেলাগুলিতে কোথাও কোথাও হালকা বৃষ্টিও হতে পারে। এর ফলে কমতে

পারে তাপমাত্রার পারদ। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে একথা জানিয়েছেন।

বাইট

আগামীকাল বীরভূম, মুর্শিদাবাদ, নদীয়া দুই চব্বিশ পরগনায় ঝড়-বৃষ্টির কমলা সর্তকতা জারি করা হয়েছে।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকরে চেয়ে প্রায় দেড় ডিগ্রি কম। সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে বেশি।

-----------------

মোহনবাগান সুপারজায়ান্ট সুপার কাপ ফুটবলের সেমিফাইনালে পৌঁছেছে। ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে আজ বিকেলে কোয়ার্টার ফাইনাল ম্যাচে মোহনবাগান ২-১ গোলে কেরালা ব্লাস্টার্সকে হারিয়ে দিয়েছে। ম্যাচের ২২ মিনিটে সাহাল আব্দুল সামাদ মোহনবাগানকে এগিয়ে দেন। দ্বিতীয়ার্ধের ৫১ মিনিটে সবুজ মেরুনের হয়ে ব্যবধান ২-০ করেন সুহেল ভাট। দ্বিতীয়ার্ধের সংযুক্ত সময়ে কেরালার হয়ে একটি গোল শোধ করেন শ্রীকুত্তান।

-----------------

ইডেনে আজ সন্ধ্যায় আইপিএল এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, পাঞ্জাব কিংসের মুখোমুখি হয়েছে। পাঞ্জাব টসে জিতে প্রথমে ব্যাট করছে। শেষ পাওয়া খবরে, পাঞ্জাব চার ওভারে বিনা উইকেটে ৪৩ রান করেছে।

----------------- -----------------